এনভিডিয়ায় ফিরতে মরিয়া জেনসেন, পাশে মাস্ক-সহ সিলিকন ভ্যালির তাবড় শিল্পপতিরা

সান্তা ক্লারা, ১৬ নভেম্বর— একের পর এক বিবাহবহির্ভূত সম্পর্কের অভিযোগে এনভিডিয়ার শীর্ষপদ ছাড়তে হয়েছে তাঁকে। কিন্তু পদত্যাগের মাত্র চার দিনের মধ্যেই ফের সংস্থার শীর্ষপদে ফেরার চেষ্টা শুরু করেছেন জেনসেন হুয়াং। তাঁর প্রত্যাবর্তনের পক্ষে সওয়াল করতে একজোট হয়েছেন সিলিকন ভ্যালির একাধিক প্রভাবশালী শিল্পপতি। তাঁদের মধ্যে রয়েছেন স্পেসএক্সের কর্ণধার ইলন মাস্ক এবং এপিক গেমসের সিইও টিম সুইনি। শুধু শিল্পপতিরাই নন, এনভিডিয়ার কর্মীদের একাংশও প্রাক্তন প্রধানকে ফিরিয়ে আনার দাবিতে সরব হয়েছেন। যদিও শেষ পর্যন্ত হুয়াংকে ফেরানোর সিদ্ধান্ত নির্ভর করছে সংস্থার পরিচালন পর্ষদের উপর।

এক সংবাদমাধ্যমের প্রতিবেদন অনুযায়ী, হুয়াংয়ের প্রত্যাবর্তনের



পক্ষে সিলিকন ভ্যালির একাধিক প্রভাবশালী ব্যক্তিকে নিয়ে একটি দল গড়ে উঠেছে। তাঁরা সংস্থার পরিচালন পর্ষদের কাছে একটি খোলা চিঠি পাঠিয়ে হুয়াংকে ফেরানোর আবেদন জানিয়েছেন। তাঁদের যুক্তি, ১৯৯৩ সালে সংস্থার সহ-প্রতিষ্ঠাতা হুয়াংয়ের নেতৃত্বেই এনভিডিয়া বিশ্বের অন্যতম মূল্যবান প্রযুক্তি সংস্থায় পরিণত হয়েছে। তাই তাঁর বিরুদ্ধে ওঠা অভিযোগের তদন্ত শেষ না হওয়া পর্যন্ত স্থায়ী উত্তরসূরি নিয়োগ না করার আর্জি জানিয়েছেন তাঁরা। হুয়াংয়ের প্রত্যাবর্তনের জন্য হোয়াইট হাউসের সমর্থন আদায়ের চেষ্টাও চলছে বলে খবর।

মাস্কের পাশাপাশি হুয়াংয়ের পাশে দাঁড়িয়েছেন এপিক গেমসের সিইও টিম সুইনি-সহ প্রযুক্তি দুনিয়ার আরও কয়েকজন পরিচিত মুখ। তাঁদের বক্তব্য, হুয়াংয়ের বিদায় শুধু এনভিডিয়ার নয়, গোটা প্রযুক্তি শিল্পের পক্ষেই বড় ক্ষতি হতে পারে।

এনভিডিয়ার অন্দরেও হুয়াংকে ফিরিয়ে আনার দাবি উঠেছে। সংস্থার এক কর্মীর তৈরি 'স্ট্যান্ড উইথ জেনসেন' নামে একটি ওয়েবসাইটে তাঁকে পুনর্বহালের দাবিতে প্রায় ১ লক্ষ ৭০ হাজার স্বাক্ষর জমা পড়েছে বলে জানা গিয়েছে। তাঁদের মধ্যে ৮ হাজারেরও বেশি নিজেদের সংস্থার বর্তমান কর্মী বলে পরিচয় দিয়েছেন।

দক্ষিণ আফ্রিকায় পরপর গুলির ঘটনায় মৃত ১৭, প্রশ্নে নিরাপত্তা

কেপটাউন, ১৬ নভেম্বর— দক্ষিণ আফ্রিকায় পরপর দু'টি বন্দুকবাজের হামলায় মৃত্যু হল অন্তত ১৭ জনের। সোমবার এই খবর জানিয়েছে সে দেশের পুলিশ। রাজধানী প্রিটোরিয়ার কাছে একটি বস্তি এলাকায় এবং পিটারমারিৎজবার্গ শহরের পার্শ্ববর্তী অঞ্চলে এই হামলার ঘটনা ঘটেছে। দু'টি ঘটনায় কারা জড়িত, তা এখনও স্পষ্ট নয়। ইতিমধ্যেই তদন্ত শুরু করেছে পুলিশ। আগামী বছর দক্ষিণ আফ্রিকায় এক দিনের ক্রিকেট বিশ্বকাপ হওয়ার কথা। সেখানে খেলতে যাওয়ার কথা বিরাট কোহলি, রোহিত শর্মাদের মতো তারকাদের। তার আগে পরপর এমন ঘটনায় আন্তর্জাতিক ক্রিকেটারদের নিরাপত্তা নিয়ে প্রশ্ন উঠতে শুরু করেছে।

পুলিশ সূত্রে খবর, প্রথম হামলার ঘটনা ঘটেছে প্রিটোরিয়ার কাছে জেফসভিলের একটি বস্তি এলাকায়। সেখানে একটি ঘরের ভিতর থেকে গুলিবিদ্ধ অবস্থায় ন'জনের দেহ



উদ্ধার হয়েছে। মৃতদের মধ্যে ছ'জন পুরুষ এবং তিন জন মহিলা। দ্বিতীয় ঘটনাটি ঘটেছে পিটারমারিৎজবার্গ শহরের কাছে সুইটওয়াটার্স অঞ্চলে। সেখানে একটি গাড়ির ভিতর থেকে আট জনের দেহ উদ্ধার করে পুলিশ। মৃতদের সকলেই পুরুষ।

দু'টি ঘটনায় এখনও পর্যন্ত মৃতদের পরিচয় জানা যায়নি। হামলাকারীদের সম্পর্কেও কোনও নির্দিষ্ট তথ্য হাতে আসেনি তদন্তকারীদের। তবে পিটারমারিৎজবার্গের ঘটনার পিছনে অপরাধী চক্রের অভ্যন্তরীণ বিবাদ থাকতে পারে বলে প্রাথমিক ভাবে অনুমান পুলিশের। সব দিক খতিয়ে দেখে তদন্ত চলছে।

দক্ষিণ আফ্রিকায় বন্দুকবাজের হামলা অবশ্য নতুন ঘটনা নয়। গত সেপ্টেম্বর মাসে ডারবানের কাছে একটি বস্তি এলাকায় তিন বন্দুকবাজের এলোপাথাড়ি গুলিতে প্রাণ হারান ১১ জন। মৃতদের মধ্যে ছিলেন এক অন্তঃসত্ত্বা মহিলা। গত জুন মাসে জোহানেসবার্গের একটি বস্তি এলাকায় গুলিতে মৃত্যু হয়েছিল ১২ জনের। তার আগে গত বছরের ডিসেম্বরে মাত্র দু'সপ্তাহের ব্যবধানে গুলির ঘটনায় প্রাণ হারান ২১ জন।

পরপর এমন হিংসাত্মক ঘটনার জেরে দক্ষিণ আফ্রিকার আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে উদ্বেগ বাড়ছে। আগামী বছর এক দিনের ক্রিকেট বিশ্বকাপের আয়োজনের দায়িত্বে রয়েছে দেশটি। সেই প্রতিযোগিতায় ভারত-সহ বিভিন্ন দেশের ক্রিকেটারদের অংশ নেওয়ার কথা। ফলে বিশ্বকাপের আগে নিরাপত্তা ব্যবস্থা কতটা জোরদার করা হবে, তা নিয়েও আলোচনা শুরু হয়েছে।

ফুকেতে ভয়াবহ অগ্নিকাণ্ড, প্রাণ গেল ১১ জনের, আহত ১৬

ব্যাঙ্কক, ১৬ নভেম্বর— ভোরের অন্ধকার কাটার আগেই আগুনের গ্রাসে চলে গেল থাইল্যান্ডের জনপ্রিয় পর্যটনকেন্দ্র ফুকেতের একাধিক বাড়ি ও দোকান। সোমবার ভোরে পাটং এলাকার একটি বাণিজ্য ভবনে আগুন লাগে। আগুন দ্রুত ছড়িয়ে পড়ে আশপাশের ভবনগুলিতে। ভয়াবহ এই অগ্নিকাণ্ডে অন্তত ১১ জনের মৃত্যু হয়েছে। আহত হয়েছেন আরও ১৬ জন। পুলিশ জানিয়েছে, মৃত ও আহতদের মধ্যে কোনও পর্যটক নেই।

স্থানীয় সময় সোমবার ভোর ৩টে ১৭ মিনিট নাগাদ পাটংয়ের ফাং মুয়াং সাই কোর রোডের চারতলা একটি বাণিজ্য ভবনে আগুন লাগে। সেখানে গাড়ি ও মোটরবাইক ভাড়া দেওয়ার ব্যবসা চলত। প্রাথমিকভাবে ওই ভবনের নিচের তলার দোকান থেকেই আগুনের সূত্রপাত বলে জানা গিয়েছে। মুহূর্তের মধ্যে আগুন ছড়িয়ে পড়ে লাগোয়া আরও কয়েকটি ভবনে। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় দমকলের একাধিক ইঞ্জিন। প্রায় দু'ঘণ্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনা সম্ভব হয়।

ফুকেটের স্থানীয় প্রশাসন সূত্রে খবর, ওই দোকানের নিচের তলায় প্রায় ১০০টি মোটরবাইক রাখা ছিল। সেগুলিতে থাকা জ্বালানি, রবারের টায়ার ও প্লাস্টিকের যন্ত্রাংশ আগুন দ্রুত ছড়িয়ে পড়তে সাহায্য



করে। আগুন ও ঘন ধোঁয়ায় আশেপাশের এলাকা ঢেকে যায়। প্রাথমিকভাবে অনুমান, ধোঁয়ায় শ্বাসরুদ্ধ হয়েই বেশির ভাগ মানুষের মৃত্যু হয়েছে। অগ্নিকাণ্ডে অন্তত ৫টি দোকানঘর এবং বেশ কয়েকটি মোটরবাইক ক্ষতিগ্রস্ত হয়েছে।

আহত ১৬ জনের মধ্যে ১৫ জনই থাইল্যান্ডের নাগরিক। ১ জন মায়ানমারের বাসিন্দা। মৃতদের পরিচয় ও নাগরিকত্ব নিয়ে বিস্তারিত তথ্য এখনও প্রকাশ করা হয়নি।

আপাতত আগুন লাগার কারণ স্পষ্ট নয়। তবে প্রাথমিক তদন্তে বিদ্যুতের খুঁটি বা ট্রান্সফরমারে শর্ট সার্কিটের সম্ভাবনা উঠে এসেছে। ফুকেতের গভর্নর জানিয়েছেন, দোকানটির সামনের বিদ্যুতের খুঁটিতে ত্রুটির জেরে আগুন লাগতে পারে। বিষয়টি খতিয়ে দেখছে পুলিশ।

তৃতীয় মার্কিন রণতরী আরব সাগরে,

'হামলার জন্য অপেক্ষা করব না', হুঁশিয়ারি ইরানের

তেহরান, ১৬ নভেম্বর-- পশ্চিম এশিয়ায় নতুন করে উত্তেজনা বাড়াল আমেরিকার তৃতীয় বিমানবাহী রণতরীর উপস্থিতি। আরব সাগরে মার্কিন রণতরী ইউএসএস থিওডোর রুজভেল্ট পৌঁছতেই ওয়াশিংটনকে কড়া বার্তা দিল তেহরান। ইরানের উপ বিদেশমন্ত্রী কাজেম ঘরিবাবাদি জানিয়েছেন, আমেরিকার প্রথম হামলার জন্য অপেক্ষা করবে না ইরান। তাঁর দাবি, আইনি দৃষ্টিকোণ থেকে এখনও যুদ্ধাবস্থায় রয়েছে দেশটি। ফলে যে কোনও পরিস্থিতির মোকাবিলায় প্রস্তুত তেহরান।

রবিবার মার্কিন বিমানবাহী রণতরী ইউএসএস থিওডোর রুজভেল্ট মার্কিন সেন্ট্রাল কমান্ডের আওতাধীন এলাকায় প্রবেশ করেছে। এর আগে থেকেই সেখানে মোতায়েন রয়েছে আমেরিকার আরও দুটি বিমানবাহী রণতরী ইউএসএস জর্জ ওয়াশিংটন এবং ইউএসএস জর্জ এইচ ডব্লিউ বুশ। সব মিলিয়ে ইরানের বন্দর অবরোধের উদ্দেশ্যে আরব সাগরে ২০টিরও বেশি মার্কিন যুদ্ধজাহাজ মোতায়েন রয়েছে বলে জানা গিয়েছে।

এই পরিস্থিতিতে সংবাদমাধ্যমকে দেওয়া সাক্ষাৎকারে কাজেম বলেন, আমেরিকা কূটনীতির আড়ালে নতুন করে সামরিক হামলার প্রস্তুতি নিতে পারে। তাই শুধু আলোচনার উপর নির্ভর করে থাকা সম্ভব নয়। তাঁর কথায়, যুদ্ধের সময় সমস্ত আশা কূটনীতির উপর রাখা যায় না। একই সঙ্গে তিনি স্পষ্ট করেন, ইরান



কিউবা বা ভেনেজুয়েলা নয় যে অবরোধ কিংবা চাপ সৃষ্টি করে দেশটিকে আত্মসমর্পণে বাধ্য করা যাবে।

এর আগে ইরানের পার্লামেন্টের স্পিকার বাঘের ঘালিবাফ বর্তমান পরিস্থিতিকে 'না যুদ্ধ, না শান্তি' বলে বর্ণনা করেছিলেন। তবে সেই বক্তব্যের সঙ্গে একমত নন কাজেম। তাঁর দাবি, ইরান এখনও যুদ্ধের পরিস্থিতিতেই রয়েছে। কূটনৈতিক সমাধান, অর্থনৈতিক অবরোধ মোকাবিলা এবং নতুন করে সামরিক হামলার জবাব— এই তিন ধরনের পরিস্থিতির জন্যই প্রস্তুতি নিচ্ছে তেহরান। পাশাপাশি রেভলিউশনারি গার্ড নতুন পাল্লার ক্ষেপণাস্ত্র তৈরির কাজ চালাচ্ছে বলেও জানিয়েছেন তিনি। যুদ্ধ স্থায়ীভাবে শেষ না হওয়া পর্যন্ত আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থাকে পরিদর্শনের অনুমতি দেওয়া হবে না বলেও স্পষ্ট করেছেন ইরানের উপ বিদেশমন্ত্রী।

উল্লেখ্য, চলতি বছরের ২৮ ফেব্রুয়ারি ইরানের উপর যৌথ হামলা চালায় আমেরিকা ও ইজরায়েল। পরমাণু আলোচনা ভেস্তে যাওয়ার পর ১৩ এপ্রিল থেকে ইরানের বন্দর অবরোধ শুরু করে ওয়াশিংটন। মার্কিন সেন্ট্রাল কমান্ডের দাবি, এর ফলে ৩০ বিলিয়ন ডলারের বেশি মূল্যের ইরানি তেল রফতানি ব্যাহত হয়েছে এবং প্রায় ১৫০টি বাণিজ্যিক জাহাজের গতিপথ পরিবর্তন করা হয়েছে।

অন্যদিকে, হরমুজ প্রণালী খুলে দেওয়ার বিনিময়ে একাধিক শর্ত দিয়েছে ইরান। তার মধ্যে রয়েছে যুদ্ধের স্থায়ী অবসান, অবরোধ প্রত্যাহার, তেলের উপর নিষেধাজ্ঞা তুলে নেওয়া এবং বিদেশে আটকে থাকা ইরানের সম্পদ ফিরিয়ে দেওয়া। ফলে দুই দেশের মধ্যে সংঘাতের পরিস্থিতি আরও জটিল হয়ে উঠেছে।

হালাল খাবার বিক্রি না করার ঘোষণায় লন্ডনের ভারতীয় রেস্তরাঁয় বিক্ষোভ

লন্ডন, ১৬ নভেম্বর— হালাল খাবার বিক্রি না করার ঘোষণা ঘিরে উত্তপ্ত পশ্চিম লন্ডনের একটি ভারতীয় রেস্তরাঁ। হ্যামারসমিথ এলাকার জনপ্রিয় 'সিংস ডাইনিং' রেস্তরাঁর বাইরে বিক্ষোভ দেখালেন কয়েকশো মানুষ। তাঁদের দাবি, হালাল খাবার বিক্রি করতে অস্বীকার করায় রেস্তরাঁটি বন্ধ করে দিতে হবে। বিক্ষোভ চলাকালীন 'আল্লাহু আকবর' এবং প্যালেস্টাইনের সমর্থনে স্লোগান ওঠে। পরিস্থিতি সামাল দিতে ঘটনাস্থলে পৌঁছয় পুলিশ ও নিরাপত্তারক্ষীরা। শেষ পর্যন্ত তাঁদের হস্তক্ষেপে বিক্ষোভকারীরা সরে যান। তবে নতুন করে হামলার আশঙ্কায় উদ্বিগ্ন রেস্তরাঁর মালিক।

রেস্তরাঁটি খাদ্যরসিকদের কাছে 'রংরেজ' নামেও পরিচিত। মালিক হরমন সিং কাপুর। রেস্তরাঁর দরজায় টাঙানো একটি বিজ্ঞপ্তি থেকেই বিতর্কের সূত্রপাত। সেখানে স্পষ্ট লেখা ছিল, 'আমরা গর্বের সঙ্গে হালাল খাবার বিক্রি করি না।' এই ঘোষণার পর থেকেই সমাজমাধ্যমে রেস্তরাঁটির বিরুদ্ধে প্রচার শুরু হয়। সমালোচকদের অভিযোগ, হরমন সমাজমাধ্যমে মুসলিম সম্প্রদায়, হালাল মাংস এবং গাজা সংঘাত নিয়ে আপত্তিকর মন্তব্য করেছেন।

শক্তি প্রদর্শন নিষিদ্ধ আওয়ামী লীগের, গোপালগঞ্জে স্বাভাবিক জনজীবন ফিরল সোমবার

গোপালগঞ্জ, ১৬ নভেম্বর— শেখ হাসিনাকে দেশে ফিরিয়ে আনার দাবিতে বাংলাদেশের গোপালগঞ্জে প্রকাশ্যে শক্তি প্রদর্শন করল নিষিদ্ধ আওয়ামী লীগ। রবিবার দেশীয় অস্ত্র হাতে মিছিল, পুলিশের ব্যারিকেড ভাঙা, সরকারি সম্পত্তিতে ভাঙচুর এবং অগ্নিসংযোগের ঘটনায় উত্তপ্ত হয়ে ওঠে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মস্থান। পরিস্থিতি সামাল দিতে ৬ প্লাটুন থেকে বাড়িয়ে ১০ প্লাটুন সীমান্তরক্ষী বাহিনী বা বিজিবি মোতায়েন করা হয়। তবে সোমবার সকাল থেকে পরিস্থিতি অনেকটাই স্বাভাবিক হয়েছে বলে জানিয়েছে স্থানীয় সংবাদমাধ্যম।

রবিবার সকাল থেকেই গোপালগঞ্জ শহরের বিভিন্ন এলাকা থেকে আওয়ামী লীগ ও তার সহযোগী সংগঠনগুলির নেতা-কর্মীরা জড়ো হতে শুরু করেন। বেলা ১১টা নাগাদ মিছিল শুরু হলে অনেকের হাতে লগি-বৈঠা, রামদা, কুঠার, টেঁটা ও বল্লমের মতো অস্ত্র দেখা যায়। মিছিলকারীরা পুলিশের ব্যারিকেড ভেঙে বিভিন্ন রাস্তায় ঢুকে পড়েন। তাঁদের স্লোগানে উঠে আসে শেখ হাসিনাকে দেশে ফিরিয়ে আনার দাবি। দলের জেলা পর্যায়ের নেতা ইলিয়াস হক জানান, হাসিনাকে দেশে ফিরিয়ে না আনা পর্যন্ত রাজপথে আন্দোলন চলবে।

মিছিল চলাকালীন পুলিশের একটি সাঁজোয়া যান বা এপিসি, পুলিশ বক্স, জুলাই স্মৃতিস্তম্ভ এবং গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শহিদ হাদি চত্বরের নামফলক ভাঙচুরের অভিযোগ উঠেছে। সরকারি কলেজের নামফলক সরিয়ে সেখানে 'সরকারি বঙ্গবন্ধু কলেজ' লেখা ব্যানারও টাঙানো হয় বলে স্থানীয় সংবাদমাধ্যমের খবর। কয়েকটি রাস্তায় টায়ার জ্বালিয়ে যান চলাচল বন্ধ করে দেওয়া হয়। পরে টুঙ্গিপাড়ার উলপুর এলাকায় গ্রামীণ ব্যাঙ্কের একটি শাখায় আগুন লাগানোর খবরও সামনে আসে। বিএনপি নেতাদের বাড়িতে হামলা ও অগ্নিসংযোগের অভিযোগও রয়েছে।

গোপালগঞ্জের পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে রবিবারই বিজিবি মোতায়েন করা হয়েছিল। সোমবার আরও কড়া নজরদারির ব্যবস্থা করা হয়। বিজিবির ১০ প্লাটুন সদস্যের পাশাপাশি পুলিশের অতিরিক্ত বাহিনী এবং সাঁজোয়া যানও গুরুত্বপূর্ণ এলাকায় রাখা হয়েছে। ড্রোন ও সদস্যদের শরীরে লাগানো ক্যামেরার মাধ্যমে পরিস্থিতির উপর নজর রাখা হচ্ছে বলে জানিয়েছে বিজিবি। জেলার তিন থানার ভারপ্রাপ্ত আধিকারিককেও রবিবার রাতে বদলি করা হয়েছে।

রবিবার গভীর রাতে টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর সমাধিসৌধে গিয়েও শ্রদ্ধা জানান আওয়ামী লীগ, যুবলীগ ও ছাত্রলীগের স্থানীয় নেতা-কর্মীরা। সেখানে শেখ হাসিনাকে দেশে ফিরিয়ে আনার শপথ নেন তাঁরা। 'গোপালগঞ্জ স্বাধীন' স্লোগানও ওঠে।

পंजाब नैशनल बैंक (भारत सरकार का उपक्रम) | **punjab national bank** (Govt. of India Undertaking)

সार्कल অফিস এসএএম, কলকাতা সাউথ, ইউনাইটেড টাওয়ার (১০ম তল) ১১, হেমন্ত বসু সরণী, কলকাতা-৭০০ ০০১
ইমেল ঃ cokolsouthsam@pnb.bank.in

গাড়ির ই-অকশন

সিকিওরড্ অ্যাসেটসমূহের / অস্থাবর সম্পদসমূহের বিক্রয়ের জন্য বিক্রির বিজ্ঞপ্তি

সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস্ অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ তৎসহ পঠিত সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮(৬)-এ প্রদত্ত সংস্থানের অধীনে অস্থাবর সম্পদ বিক্রয়ের জন্য ই-অকশন বিক্রির বিজ্ঞপ্তি। জনসাধারণকে এবং বিশেষ করে ঋণগ্রহীতা(গণ) এবং গ্যারান্টার(গণ)কে এতদ্বারা বিজ্ঞপ্তি মারফত জানানো হচ্ছে যে সিকিওরড্ ক্রেডিটরের কাছে হাইপোথেকেটেড/চার্জড নিম্নে বর্ণিত অস্থাবর সম্পদ, যা ব্যাঙ্ক/সিকিওরড্ ক্রেডিটরের অনুমোদিত আধিকারিক দ্বারা গঠনমূলক/বাস্তব/প্রতীকী অধিগ্রহণ করা হয়েছে, সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) এবং গ্যারান্টার(গণ)-এর থেকে ব্যাঙ্ক/সিকিওরড্ ক্রেডিটরের পাওনাবাবদ অর্থ আদায়ের জন্য, নিচের সারণীতে উল্লিখিত তারিখে **"যেখানে যেমন আছে", "সেখানে যা কিছু আছে" এবং "যা কিছু যেমনভাবে আছে"** ভিত্তিতে বিক্রি করা হবে। সংশ্লিষ্ট সম্পত্তিসমূহের প্রেক্ষিতে নিচের সারণীতে উল্লিখিত সংরক্ষিত মূল্য এবং বায়নামূল্য জমা উল্লেখ করা আছে।

সিকিওরড্ অ্যাসেটসমূহের / অস্থাবর সম্পদসমূহের শিডিউল

ক্রঃ নং	শাখার নাম অ্যাকাউন্টের নাম ঋণগ্রহীতার/গ্যারান্টারগণের অ্যাকাউন্টের নাম ও ঠিকানা	ক) হাইপোথেকেটেড অস্থাবর সম্পত্তি-সমূহের বিবরণ খ) গাড়ির নম্বর গ) গাড়ির রং ঘ) ইঞ্জিন নং ঙ) চেসিস নং	ক) অ্যানেক্সার ১/অ্যানেক্সার ২-এর তারিখ খ) বকেয়া পরিমাণ গ) অধিগ্রহণের তারিখ/বাজেয়াপ্ত করার তারিখ ঘ) অধিগ্রহণের ধরন ঙ) লেনদেনকারী আধিকারিক	ক) সংরক্ষিত মূল্য খ) ইএমডি (ইএমডি-র শেষ তারিখ) গ) বিড বৃদ্ধির পরিমাণ ঘ) ই-অকশনের তারিখ/সময় ঙ) এনকামব্র্যান্স যদি থাকে
১.	শাখা ঃ সন্তোষপুর (০১৪৬২০) মি. সমরেশ রায় সুরেশ শোভা আবাসন, ব্লক কে, ফ্ল্যাট নং ৪, ৩য় তল, পাঁচপোতা গড়িয়া, কলকাতা, পশ্চিমবঙ্গ-৭০০১৫২ অ্যাকাউন্ট ঃ ০১৪৬৩০০০২৮১২১ প্রপ আইডি ঃ PUNBSAMARVEH01	ক) আইশার মোটরস লিঃ/আরই ক্লাসিক ৩৫০, পেট্রোল, বিএস-৩ খ) ডব্লুবি-০৬এল-৮৩৬৭ গ) মেরুন ঘ) ইউ৩এস৫সিওএফই৭৭৪২৬৭ ঙ) এমই৩ইউ৩এস৫সিওএফই৭৭৪২৬৭	ক) ০৮.০৫.২০২৩ / ১৩.০৬.২০২৩ খ) ৩১.১০.২০২৬ তারিখে ০.৬২ লাখ টাকা + পুনরায় ধার্য সুদ ও চার্জসমূহ গ) ১২.০৬.২০২৬ ঘ) বাস্তব অধিগ্রহণ ঙ) অরূপ চক্রবর্তী, ৬২৯০৩৬২৫২৮	ক) ৬৪,৮০০.০০ টাকা** খ) ৬,৪৮০.০০ টাকা (০৩.১২.২০২৬) গ) ১,০০০.০০ টাকা ঘ) ০৩.১২.২০২৬ বেলা ১১টা থেকে বিকাল ৪টা ঙ) নেই, ব্যাঙ্কের কাছে জ্ঞাত নয় (সর্বোচ্চ বিড মূল্যের বেশি এবং অতিরিক্ত ১৮% জিএসটি দিতে হবে)
২.	শাখা ঃ ঢাকুরিয়া (০০৮৯৯২০) মি. অভিষেক বিন মেঘনা অ্যাপার্টমেন্ট, ব্লক বিএল, জেএ, জ্যাংড়া, ঘোষপাড়া উঁচুমাঠ, কলকাতা ৭০০০৫৯ অ্যাকাউন্ট ঃ ০০৮৯২০এনজি০০০০১৪২৭ প্রপ আইডি ঃ PUNBABHISHEK	ক) স্কোডা অটো ফক্সওয়াগেন ইন্ডিয়া প্রাঃ লিঃ, স্লাভিয়া প্রেস্টিজ, ১.০ টিএসআই এমটি, পেট্রোল, বিএস-৬ খ) ২৬-বিএইচ-৪২৭৭-এ গ) কার্বন স্টিল ঘ) ডিজেডডব্লু০৮৩৮৭৭ ঙ) এমইএক্সবিপিজিপিবি৫এসজি০১৭৮৪৯	ক) ০৭.১০.২০২৬ / প্রযোজ্য নয় খ) ২৩.১০.২০২৬ তারিখে ৯.৩৭ লাখ টাকা + পুনরায় ধার্য সুদ ও চার্জসমূহ গ) ১৩.১১.২০২৬ ঘ) বাস্তব অধিগ্রহণ ঙ) অরূপ চক্রবর্তী, ৬২৯০৩৬২৫২৮	ক) ১০,০৭,০০০.০০ টাকা** খ) ১,০৭,০০০.০০ টাকা (০৩.১২.২০২৬) গ) ১০,০০০.০০ টাকা ঘ) ০৩.১২.২০২৬ বেলা ১১টা থেকে বিকাল ৪টা ঙ) নেই, ব্যাঙ্কের কাছে জ্ঞাত নয় (সর্বোচ্চ বিড মূল্যের বেশি এবং অতিরিক্ত ১৮% জিএসটি দিতে হবে)

** সম্পদের চূড়ান্ত মূল্য হবে এইচ১ বিড পরিমাণ + ১৮% জিএসটি। এইচ১ বিডারকে সর্বোচ্চ বিড পরিমাণের অতিরিক্ত জিএসটি পরিমাণ বহন করতে হবে।

নিয়ম ও শর্তাবলী ঃ

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২-এ নির্দেশিত নিয়ম ও শর্তাবলী এবং পুনরায় নিম্নলিখিত শর্তাবলী পূরণসাপেক্ষে সম্পত্তি বিক্রি করা হবে ঃ

১. **"যেখানে যেমন আছে ভিত্তিতে" এবং "সেখানে যা কিছু আছে ভিত্তিতে" এবং "যা কিছু যেমনভাবে আছে ভিত্তিতে"** অস্থাবর সম্পদ বিক্রি করা হচ্ছে।
২. উপরিল্লিখিত শিডিউলে নির্ধারিত অস্থাবর সম্পদসমূহের বিবরণ অনুমোদিত আধিকারিকের কাছে প্রাপ্ত তথ্যমতে উল্লেখ করা হয়েছে, কিন্তু এই প্রোক্লামেশনে কোনও ত্রুটি, ভুল বক্তব্য বা কোনও অংশ বাদ যাওয়ার জন্য অনুমোদিত আধিকারিক উত্তর দিতে দায়বদ্ধ নন।
৩. **ওয়েবসাইট ঃ https://baanknet.com-এ ব্যবস্থিত ই-অকশন প্ল্যাটফর্মের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারী সম্পদ বিক্রি করবেন।**
৪. যিনি তাঁর বিডে সর্বোচ্চ বিক্রয়মূল্য অফার করবেন, সেই ক্রেতার অনুকূলে বিক্রি নিশ্চিত করা হবে এবং সিকিওরড্ ক্রেডিটরের নিশ্চিতকরণসাপেক্ষে বিক্রি করা হবে।
৫. প্রস্তাবিত গাড়ির প্রেক্ষিতে কোনও ধরনের বিধিবদ্ধ বকেয়ার জন্য ব্যাঙ্ক দায়বদ্ধ থাকবেন না। যে কোনও ধরনের কর প্রদানের জন্য ক্রেতারা একচ্ছত্রভাবে দায়বদ্ধ থাকবেন।
৬. ব্যাঙ্কের অনুমোদিত আধিকারিক, ব্যাঙ্কের কাছে জ্ঞাত নয় এরূপ কোনও চার্জ, লিয়েন, এনকামব্র্যান্সেস অথবা সরকার বা অন্য কারোর কাছে কোনও বকেয়ার জন্য দায়বদ্ধ থাকবেন না। বিধিবদ্ধ দায়বদ্ধতা সমেত সম্পদের এনকামব্র্যান্সেস সম্পর্কে স্বাধীনভাবে অনুসন্ধান করে নিতে আগ্রহী বিডারদের পরামর্শ দেওয়া হচ্ছে।
৭. কোনও কারণ না দেখিয়ে কোনও বিড গ্রহণ বা বর্জন করা অথবা এবং/বা কোনও কন্ট বা ক্ষতিপূরণ ব্যতিরেকে বিক্রি স্থগিত/মুলতবি/বাতিল করার একচ্ছত্র অধিকার অনুমোদিত আধিকারিক দ্বারা সংরক্ষিত। এটা লক্ষ্য করতে হবে যে সম্পদ বিক্রি সম্পর্কে এই বিজ্ঞপ্তি ব্যাঙ্কের তরফে কোনও প্রতিশ্রুতির বা উপস্থাপনার অর্থ বহন করে না।
৮. বিড মূল্য ছাড়াও গাড়ির জন্য পার্কিং চার্জ প্রযোজ্য হবে।
৯. এইচ১ বিডারকে সর্বোচ্চ বিড পরিমাণে ১৮% হারে জিএসটি প্রদান করতে হবে।
১০. ই-অকশনের পরে এইচ১ বিডার গাড়ি ক্রয় করতে অপারগ হলে, ইএমডি পরিমাণ ফেরত দেওয়া হবে না।
১১. **বিক্রির বিশদ নিয়ম ও শর্তাবলীর জন্য, অনুগ্রহ করে দেখুন https://baanknet.com & www.pnb.bank.in**

রেজিস্ট্রেশনের জন্য, কিউআর কোড স্ক্যান করুন

তারিখ ঃ ১৬.১১.২০২৬
স্থান ঃ কলকাতা

অনুমোদিত আধিকারিক
৯৮৩১৭৭৮৭৭৪

पंजाब नैशनल बैंक ...भरोसे का प्रतीक ! | **punjab national bank** ...the name you can BANK upon!

অ্যাপেনডিক্স IV, রুল ৮(১)
(স্থাবর সম্পত্তির জন্য)
অধিগ্রহণের বিজ্ঞপ্তি

সার্কল অফিস, কলকাতা নর্থ, সল্ট লেক, সেক্টর-১, ব্লক-ডিডি-১১, কলকাতা-৭০০০৬৪
ইমেল ঃ cokolnorthsam@pnb.bank.in

যেহেতু, সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর অধীনে এবং আইনের ধারা ১৩ তৎসহ পঠিত সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৩-এর অধীনে ন্যস্ত ক্ষমতাবলে পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক-এর অনুমোদিত অফিসার হিসেবে নিম্নস্বাক্ষরকারী, আলোচ্য বিজ্ঞপ্তির তারিখ/বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে বিজ্ঞপ্তিতে উল্লিখিত সম্পূর্ণ পরিশোধ করা পর্যন্ত (অতঃপর ''সিকিওরড্ ডেট'' হিসেবে উল্লিখিত) পরিশোধ করতে ঋণগ্রহীতাকে আহ্বান জানিয়ে ডিম্যান্ড নোটিস জারি করেছেন।

ঋণগ্রহীতা উল্লিখিত পরিমাণ পরিশোধ করতে ব্যর্থ হয়েছেন, তার প্রেক্ষিতে এতদ্বারা ঋণগ্রহীতাকে এবং জনসাধারণকে বিজ্ঞপ্তি মারফত জানানো হচ্ছে যে নিম্নস্বাক্ষরকারী নিম্নলিখিত তারিখে উক্ত আইনের ধারা ১৩-এর উপধারা (৪) তৎসহ পঠিত সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮-এর অধীনে তাঁর ওপর ন্যস্ত ক্ষমতাবলে নিম্নে বর্ণিত সম্পত্তির অধিগ্রহণ করেছেন।

সিকিওরড্ অ্যাসেটসমূহ রিডিম করতে প্রাপ